49

দৈনিক জনকণ্ঠ

তারিখ 15 OF [illegible]
পৃষ্ঠা ৪ কলাম ৪

## সম্পাদক সমীপে

মতামতের জন্য সম্পাদক দায়ী নন

# ভর্তি কমিটি, বিআইটি, ঢাকার দৃষ্টি আকর্ষণ

গত ২২ সেপ্টেম্বর '৯৮ একটি দৈনিকের "চিঠিপত্র" কলামে প্রকাশিত ঢাকা থেকে জনৈক মোঃ মিজানুর রহমান কর্তৃক লিখিত 'ঢাকা বিআইটি ভর্তি কমিটির দৃষ্টি আকর্ষণ' শীর্ষক চিঠির প্রতি আমার দৃষ্টি আকৃষ্ট হয়েছে। বস্তুনিষ্ঠ ও অত্যন্ত তাৎপর্যপূর্ণ উক্ত তথ্য উপস্থাপনের জন্য পত্র লেখককে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। পত্র লেখকের বক্তব্যটিকে পরিপূর্ণতা দানের জন্য আরও কিছু তথ্য ভর্তি কমিটির সদয় বিবেচনার জন্য পেশ করছি –

(১) গ্রেস মার্ক সংক্রান্ত কোন ধরনের বাধা না থাকায় গ্রেস মার্কসহ এসএসসিতে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ অনেক ছাত্রছাত্রী ইঞ্জিনিয়ারিংয়ে উচ্চ শিক্ষা লাভের আশায় পলিটেকনিক ইনস্টিটিউটসমূহে ভর্তি হয়। কারণ ডিপ্লোমা প্রকৌশলীদের উচ্চ শিক্ষা লাভের জন্য সরকার আলাদা বিআইটি স্থাপন করেছে, যা গাজীপুর জেলার জয়দেবপুরে অবস্থিত ঢাকা বিআইটি নামে পরিচিত। সাম্প্রতিক সময়ে পলিটেকনিকসমূহে এক জরিপে দেখা গেছে যে, গ্রেস নম্বর নিয়ে এসএসসি উত্তীর্ণ ছাত্রছাত্রীদের সংখ্যাগরিষ্ঠ অংশই পলিটেকনিকসমূহ থেকে অসাধারণ কৃতিত্বের সাথে ১ম বিভাগে ডিপ্লোমা-ইন্-ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। কারণ হিসাবে উল্লেখ রয়েছে উচ্চ শিক্ষা লাভের আকাঙ্ক্ষা এবং মাধ্যমিক পরীক্ষায় আশাপ্রদ ফল লাভে ব্যর্থতাই তাদের প্রকৌশল ডিপ্লোমা পরীক্ষায় কাঙ্ক্ষিত ফল পেতে অনুপ্রেরণা যুগিয়েছে। কিন্তু মেধা বিকাশের অন্তরায় একটি নিয়ম প্রবর্তনের ফলে ডিপ্লোমা প্রকৌশলীদের একমাত্র উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠান বিআইটি, ঢাকাতে উল্লিখিত ছাত্রছাত্রীরা ভর্তি পরীক্ষার মতো প্রাথমিক মেধা যাচাইয়ের মৌলিক সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। অথচ মেধা ও মননে পারঙ্গম এই সকল ছাত্রছাত্রীকে ভর্তি পরীক্ষায় সুযোগ প্রদান করা হলে তারা মেধার সুস্পষ্ট স্বাক্ষর রাখতে সক্ষম হতো। আমার দৃঢ় বিশ্বাস, বিআইটিসমূহে শিক্ষকতায় নিয়োজিত দেশের বরেণ্য প্রকৌশলীরাই তখন উল্লিখিত ছাত্রছাত্রীদের সাদরে গ্রহণ করতেন।

(২) পলিটেকনিক ইনস্টিটিউটসমূহের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি কর্তৃপক্ষ গ্রেস মার্ক সংবলিত তথ্যটি "জুড়ে দিলে" তখন উল্লিখিত ছাত্রদের সিংহভাগই ভিন্ন বিষয়ে উচ্চতর শিক্ষা লাভের জন্য অন্যত্র ভর্তি হতে পারত। কিন্তু কর্তৃপক্ষ তা না করে উল্টো পলিটেকনিকসমূহের ভর্তিতে উৎসাহিত করার জন্য প্রকৌশলে উচ্চতর শিক্ষা লাভের সুযোগের কথাটি খুব গুরুত্বের সাথে প্রচার করে। এমনকি বিআইটি, ঢাকাতে বিএসসি ইঞ্জিনিয়ারিং পড়ার সুযোগ রয়েছে বলে ভর্তি বিজ্ঞপ্তি/প্রসপেক্টাসসমূহে স্পষ্টভাবে উল্লেখ করে থাকে।

এ অবস্থায় গ্রেস মার্ক নিয়ে এসএসসি দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ অথচ প্রকৌশল ডিপ্লোমা পরীক্ষায় কৃতিত্বের সাথে ১ম বিভাগে উত্তীর্ণ ছাত্রছাত্রীদের বিআইটি, ঢাকা'র ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এবং সর্বোপরি মেধা যাচাইয়ের মতো মৌলিক মানবাধিকার প্রতিষ্ঠার জন্য ঢাকা বিআইটি'র ভর্তি সংক্রান্ত নীতিমালা থেকে গ্রেস মার্ক সংক্রান্ত বিষয়টি রহিতকরণের জন্য ভর্তি কমিটি, বিআইটি, ঢাকা, বিআইটি কাউন্সিল এবং শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সচিবের কাছে বিনীত অনুরোধ জানাচ্ছি।

*মোহাম্মদ আবুল মনজুর*
প্রযত্নে–ইকসু লজ
বারইপাড়া রোড
পূর্ব ষোলশহর, চান্দগাঁও
চট্টগ্রাম-৪২১২।